

অথবা

- ৬। তোমার কি মনে হয় ‘নীলদর্পণ’ নাটকের ভদ্রেতর চরিত্র সৃষ্টিতে দীনবন্ধু মিত্র অধিক শিল্পনৈপুণ্যতার পরিচয় দিয়েছেন? যুক্তিসহ আলোচনা করো।
- ৭। ‘কমলাকান্তের দপ্তর’-এর মূল সুর তৈরি হয়ে যায় কমলাকান্ত চরিত্রের বৈশিষ্ট্যে — মন্তব্যটি বিচার করো।

অথবা

- ৮। ‘কমলাকান্তের দপ্তর’-এ কৌতুকের সঙ্গে কখনও মিশে থাকে বেদনা, আর্তি, কখনও বা শ্লেষ। বিষয়টি তোমাকে কীভাবে ভাবায় যুক্তিসহ লেখো।

কলা স্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা

কোর্স : ইউ. জি – ৪.১

উনিশ শতকের বাংলা সাহিত্য (পর্ব-১)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলির মান সমান।

- ১। ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে মেয়েদের দুই ভিন্ন আদল তৈরি করা হয় এবং একটিকে আদর্শায়িত করে একভাবে জিতিয়ে দেওয়া হয়, যেখানে ক্ষেত্রবিশেষে পক্ষপাত কাহিনির যুক্তিকেও ভেঙ্গে দেয়। মন্তব্যটিকে বিচার করে এ বিষয়ে তোমার মত জানাও।

অথবা

- ২। ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের কখনশৈলী এই উপন্যাসের জন্য কতটা উপযুক্ত হয়েছে বলে তোমার মনে হয়?
- ৩। পত্রকাব্য হিসাবে ‘বীরাঙ্গনা কাব্য’ কতটা সার্থক সেটি যে কোনো একটি পত্র অবলম্বনে আলোচনা করো।

অথবা

- ৪। ‘বীরাঙ্গনা কাব্য’-এ অপেক্ষা, অনুযোগ, প্রত্যাখ্যান, উপেক্ষা, আহ্বান ইত্যাদি অনুভূতি কেমনভাবে নায়িকাদের বক্তব্যের মাধ্যমে প্রকাশ পেয়েছে, প্রাসঙ্গিক পত্রকাব্যগুলির সাহায্যে বিশ্লেষণ করো।
- ৫। তুমি কী মনে কর ‘নীলদর্পণ’ নিছক উদ্দেশ্যমূলক নাটক? নাকি উদ্দেশ্যকে অতিক্রম করে ‘নীলদর্পণ’ শিল্পরসোত্তীর্ণ হয়েছে—যুক্তিসহ লেখ।

[পর পৃষ্ঠায়